

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামুদ্রিক মৎস্য দপ্তর
সরকারী কার্য ভবন নং-১
আগ্রাবাদ, চট্টগ্রাম।

পত্র নং: ৩৩.০২.০০০০.২০২.৪৯.০৬৬.১৫. ১৬৮৩


তারিখ: ২৮/১০/২০১৯ খ্রি.

বিষয়: বাণিজ্যিক ট্রলারের অনুকূলে ২০২০ সালের জন্য ফিশিং লাইসেন্স নবায়ন করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সামুদ্রিক মৎস্য অধ্যাদেশ ১৯৮৩ এর ধারা ১০ এবং সামুদ্রিক মৎস্য বিধিমালা ১৯৮৩ এর বিধি ১১ অনুযায়ী ২০১৯ সালের জন্য প্রদত্ত সকল বাণিজ্যিক মৎস্য ও চিংড়ি ট্রলারের লাইসেন্স এর মেয়াদ ৩১ ডিসেম্বর ২০১৯ খ্রি. উত্তীর্ণ হবে। এ সকল বাণিজ্যিক ট্রলারের অনুকূলে সামুদ্রিক মৎস্য অধ্যাদেশ অনুযায়ী সরকার কর্তৃক নির্ধারিত ফিশিং লাইসেন্স ফি (কোড নং ১-৪৪৩১-০০০০-১৮৫৪) এবং ফি এর ওপর ১৫% ভ্যাট বাবদ (কোড নং ১-১১৩৩-০০২৫ - ০৩১১) সমুদয় অর্থ ট্রেজারী চালানোর মাধ্যমে পরিশোধ সাপেক্ষে ২০২০ সালের ফিশিং লাইসেন্স নবায়ন করা আবশ্যিক। অন্যথায় উক্ত ট্রলার সমূহকে ৩১ ডিসেম্বর ২০১৯ খ্রি. তারিখের পর সমুদ্র যাত্রার অনুমতি প্রদানে জটিলতার সৃষ্টি হতে পারে।

এমতাবস্থায়, আপনার সংস্থার নিয়ন্ত্রণাধীন বাণিজ্যিক ট্রলার/ ট্রলারসমূহের অনুকূলে নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে ট্রেজারী চালানোর মূল কপি সহ সামুদ্রিক মৎস্য দপ্তরের নির্ধারিত আবেদন ফরম পূরণ পূর্বক আগামী ১৫ ডিসেম্বর ২০১৯ এর মধ্যে ফিশিং লাইসেন্স নবায়নের আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী



(ড. মোঃ শরীফ উদ্দিন)
পরিচালক (সামুদ্রিক), (অ.দা.)
সামুদ্রিক মৎস্য দপ্তর
আগ্রাবাদ, চট্টগ্রাম।
ফোন-০৩১-৭২১৭৩১

e-mail: director marine@fisheries.gov.bd

চেয়ারম্যান/ম্যানেজিং ডিরেক্টর

.....
.....
.....
.....

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

৩। বাংলাদেশ মেরিন ফিশারিজ এসোসিয়েশন, ৯১, সাতার চেম্বার, বা/এ, আগ্রাবাদ, চট্টগ্রাম।

৪। বাংলাদেশ মেরিন হোয়াইট ফিশ ট্রলারস ওনার্স এসোসিয়েশন, ৭৫৭/৭৭৭, ফিশারী ঘাট, ইকবাল রোড, পাথরঘাটা, চট্টগ্রাম।

৫। সংশ্লিষ্ট নথি।